

হট হটডগ!

ওয়াশিংটনের সিয়াটলে রয়েছে টোকিও ডগ নামের একটি ভ্রাম্যমাণ খাবারের দোকান। সম্প্রতি এই দোকানটি বিশ্বরেকর্ড করেছে। খোদ গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস কর্তৃপক্ষ তাদেরকে স্বীকৃতি দিয়েছে। তবে দোকান বা দোকান মালিক নয়, বিশ্বরেকর্ড করেছে ওই দোকানের একটি হটডগ! জুয়ানি বান নামের এই হটডগের দাম ১শ ৬৯ মার্কিন ডলার! বিশ্বের সবচেয়ে দামি হটডগ হিসেবে স্বীকৃতি পেয়েছে জুয়ানি বান। এই হটডগের বানের ভেতরে থাকছে স্মোক করা পনিরের সসেজ, মাখন দিয়ে বিশেষভাবে ভাজা পেঁয়াজ, বিশেষ মাশরুম, গরুর মাংস, হাঁসের কলিজা, কন্দজাতীয় ছত্রাক, ক্যাভিয়ার এবং জাপানি মেয়নেজ।



চুরি হলো মেরির ছবি

ইতালির মোডেনা শহরে অবস্থিত একটি চার্চ থেকে রেনেসাঁর সমসাময়িক একটি মূল্যবান চিত্রকর্ম চুরি হয়েছে। কর্তৃপক্ষ জানিয়েছে, ১০ ফুট x ৬ ফুট আয়তনের এই চিত্রকর্মটির বর্তমান বাজার মূল্য প্রায় ৬৪ কোটি সাড়ে ৬৭ লাখ টাকা। এটি ছিল ধর্মপ্রচারক সেন্ট জনের সঙ্গে মেরির একটি ছবি। ইতালির চিত্রশিল্পী গারচিনো ছবিটি এঁকেছিলেন। আলো-আঁধারের অনবদ্য কাজের জন্য গারচিনো বিখ্যাত ছিলেন। ছবিটি তিনি ১৬৩৯ খ্রিস্টাব্দের দিকে শেষ করেন। সান ভিনচেনজো চার্চ থেকে ছবিটি খোয়া গেছে। চার্চের নিরাপত্তা ব্যবস্থার দুর্বলতার সুযোগেই এই ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে।



অবশেষে 'জর্জ' সেরা দশে

পুত্রসন্তানের ১০টি সেরা নামের তালিকায় 'জর্জ' নামটি স্থান করে নিয়েছে। ঘটনাটি ঘটে ২০১৩ সালে, কেননা এই বছরই ব্রিটিশ রাজপুত্র জর্জের জন্ম হয়। কিন্তু ইংল্যান্ড ও ওয়েলসে এখনো জনপ্রিয়তার তুঙ্গে রয়েছে 'অলিভার' ও 'অ্যামেলিয়া' নাম। ২০১১ সাল থেকে অ্যামেলিয়া নামটি শীর্ষস্থান দখল করে আছে। হ্যারি নামটিকে হটিয়ে ২০১১ ও ২০১২ সালে জনপ্রিয়তা ধরে রাখে অলিভার নামটি। অস্কার ও জর্জ নাম দুটি আলফি ও রাইলি নাম দুটোকে সরিয়ে জনপ্রিয় নামের তালিকায় জায়গা করে নিয়েছে। ওদিকে লিলি নামটির বদলে কন্যাসন্তানের জনপ্রিয় ১০ সেরা নামের তালিকায় জায়গা করে নিয়েছে পপি। ব্রিটেনের জাতীয় পরিসংখ্যান দপ্তর (ওএনএস) এসব তথ্য প্রকাশ করেছে।

বন্ধুত্ব এমনও হয়

বোনডিগারের সঙ্গে ডাকশান্ড কুকুর মিলের বন্ধুত্ব অনেক গভীর। যদিও তা অসম। কেননা বোনডিগার হলো ৫শ পাউন্ড ওজনের একটি জাঁদরেল সিংহের নাম! দুজন দুজনকে ছোটবেলা থেকে চেনে বলেই হয়তো বন্ধুত্বটা টিকে গেছে। তারা ভাগাভাগি করে মাংস খায় এবং একসঙ্গেই খেলা করে। গত ৫ বছর ধরে এভাবেই চলছে। এদের লালন-পালন করেন যুক্তরাষ্ট্রের ওকলাহোমার জিডব্রিউ এক্সোটিক অ্যানিম্যাল পার্কের জুকিপার জন রেইকা। সিংহটির জন্মই হয়েছে হাড়ের রোগ নিয়ে। ওদিকে জন রেইকারও দুটি পানই। এজন্যই যেন তারা একে অপরের সমব্যথী।



এলো ত্রয়ীচক্রযান এলিও

মোটরসাইকেলের মতো ছোট দেখালেও এটি আসলে একটি গাড়ি। সাড়ে ৪ ইঞ্চি উঁচু এই গাড়িটির দাম পড়বে প্রায় ৫ লাখ সাড়ে ১৭ হাজার টাকা। ওজন মাত্র ৫শ ৭০ কেজি। যুক্তরাষ্ট্রের অ্যারিজোনা ভিত্তিক এলিও মোটরস তাদের নতুন এই গাড়ির নাম দিয়েছে 'এলিও'। ২০১৬ সাল নাগাদ এই গাড়ি যুক্তরাষ্ট্রের বাজারে নামবে বলে জানানো হয়েছে। ইতিমধ্যে ২৭ হাজারেরও বেশি ক্রেতা গাড়িটি পেতে অগ্রিম বুকিং দিয়ে রেখেছেন। ২ সিট ও ৩ চাকাবিশিষ্ট এই গাড়ি ঘণ্টায় ১শ মাইল অতিক্রম করতে সক্ষম।

—সুদীপ্ত সালাম

